



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
হোসিয়্যারী শিল্পনগরী কার্যালয়, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

Website: www.bscic.gov.bd , E-mail: hosiervestate@bscic.gov.bd



স্মারক নং-৩৬.০২.৬৭০০.০০১.০৪.০০৪.২০/১০২

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

বিষয় : হোসিয়্যারী শিল্পনগরী, বিসিক, নারায়ণগঞ্জ এলাকা কেস-০২/৮৭-৮৮ মূলে অধিগ্রহণকৃত ৫৮.৫২ একর জমির মধ্যে ১৯.৩০ একর জমির মালিকগণ কর্তৃক দায়েরকৃত ১৭টি আরবিট্রেশন মামলায় বিজ্ঞ আদালতের রায় ও নির্দেশনার আলোকে ক্ষতিপূরণ ও জরিমানার সমুদয় অর্থপরিশোধ

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বিসিক হোসিয়্যারী শিল্পনগরী প্রতিষ্ঠার প্রাক্কালে শিল্পনগরীর জন্য ৫৮.৫২ একর জমি অধিগ্রহণ করা হয়। অধিগ্রহণ কালে কোন কোন জমির মালিক জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত মূল্যে সংস্কৃত হয়ে আরবিট্রেশন মামলা দায়ের করেন। উক্ত মামলায় বিসিক ও বাংলাদেশ হোসিয়্যারী এসোসিয়েশন যথাসাধ্য চেষ্টার পরও আরবিট্রেশন আদালত, হাইকোর্ট, আপিলেট ডিভিশন এবং পরবর্তীতে সিভিল রিভিউতে হেরে যায়।

১) যুগ্ম জেলা জজ আরবিট্রেশন আদালত, নারায়ণগঞ্জে ১৭টি আরবিট্রেশন মামলার ৩১-১০-১৯৯১ তারিখের রায় ও বিসিক কর্তৃক দায়েরকৃত ১৭টি আরবিট্রেশন আপিল মামলার ২০-১০-১৯৯৩ তারিখের রায়, মহামান্য হাইকোর্ট বিভাগের ১৬টি রিটপিটিশনের ০৪-০৭-২০০০ তারিখের আদেশ, মহামান্য আপিল বিভাগের ১৬টি সিভিল আপিল মামলার রায় ও ১৬টি সিভিল রিভিউ মামলার রায় মোতাবেক আরবিট্রেশন মামলার এওয়ার্ডিশনের প্রাপ্য সমুদয় অর্থ (পরিশোধ না করা পর্যন্ত ১০% সুদসহ) পরিশোধের নির্দেশনা রয়েছে।

২) আরবিট্রেশন মামলার বাদী এওয়ার্ডিশনের ইতিপূর্বে গৃহীত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট জমির মূল্য ও ২০% ক্ষতিপূরণ বাবদ ২,৪৬,২২,৬২০.২০ টাকা (দুই কোটি ছেচল্লিশ লক্ষ বাইশ হাজার ছয়শত বিশ টাকা বিশ পয়সা) পরিশোধের নির্দেশনা রয়েছে।

৩) হাইকোর্ট বিভাগের ০৪-০৭-২০০০ তারিখের আদেশ মোতাবেক ২৫-০৮-২০২০ পর্যন্ত বার্ষিক ১০% হারে অতিরিক্ত ক্ষতিপূরণের অর্থ (সুদ) বাবদ ৪,৯৬,২৩,০১২.১১ টাকা (চার কোটি ছিয়ানব্বই লক্ষ তেইশ হাজার বার টাকা এগারো পয়সা) ও ক্ষতিপূরণের অর্থ পরিশোধ না করা পর্যন্ত অতিরিক্ত ক্ষতিপূরণ (সুদ) বাবদ দৈনিক ৬,৭৪৬/- (ছয় হাজার সাত শত ছেচল্লিশ টাকা) টাকা পরিশোধ করতে হবে।

হেহেতু ২০০৩ সালে বিসিকের তৎকালীন চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ হোসিয়্যারী এসোসিয়েশনের তৎকালীন সভাপতির উপস্থিতিতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ক্ষতিপূরণের টাকা বিসিকের প্রুট মালিকগণের বহন করার কথা ছিল বিধায় মাননীয় জেলা প্রশাসক নারায়ণগঞ্জ ও সভাপতি জেলা জমি বরাদ্দ কমিটি বিসিক হোসিয়্যারী শিল্প নগরী এর সভাপতিত্বে গত ১০/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং গত ২১-১২-২০২০ তারিখে বিসিকের এজিএম এর সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিপর্যীয় (বিসিক, বাংলাদেশ হোসিয়্যারী এসোসিয়েশন ও বিসিক শিল্প মালিক সমবায় সমিতি লিঃ) সভায় উক্ত ক্ষতিপূরণের অর্থ বিসিক হোসিয়্যারী শিল্প নগরীর বরাদ্দ প্রাপ্ত প্রুট মালিকগণের নিকট থেকে আদায়ের মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক আপনার প্রুট নং- এ/বি/এস এর অনুকূলে টাকা ধার্য করা হয়েছে। যা জরুরী ভিত্তিতে বিসিক হোসিয়্যারী শিল্পনগরী, নারায়ণগঞ্জের নির্দিষ্ট ব্যাংক হিসাবে আগামী ৩১-০৮-২০২১ ইং তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হলো।

মুহাম্মদ আশিকুর রহমান
সহকারী মহা ব্যবস্থাপক
বিসিক জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।

মোহাম্মদ হাতেম

সভাপতি

বিসিক শিল্প মালিক সমবায় সমিতি লিঃ

বিসিক হোসিয়্যারী শিল্প নগরী, নারায়ণগঞ্জ।

বরাবর

নাম:

প্রতিষ্ঠানের নাম:

প্রটনং:

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা।

০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতি জন্য), বিসিক, ঢাকা।

০৩। সভাপতি, বাংলাদেশ হোসিয়্যারী এসোসিয়েশন, নারায়ণগঞ্জ।